

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
ও
রিটার্নিং অফিসার
৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪

নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরী

নম্বর: - ০৫.৫৫.৩২০০.০৪৪.২৫.০০৩.২৪.১৪৬

তারিখ: ১০ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
২৩ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

নির্বাচন কমিশন সচিবালয় এতদ্বারা উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা ২০১৩ এর বিধি ১৩ অনুযায়ী উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস-চেয়ারম্যান পদের নির্বাচন অনুষ্ঠানের জন্য সময়সূচি ধার্য করে ০৫ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ/ ১৮ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ তারিখে ১৭.০০.০০০০.০৭৯.৪০.০০৬.২৪.১৯০ নং স্মারক মূলে প্রজ্ঞাপন জারী করায় ১৮ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ তারিখের অত্র কার্যালয়ের (১) ০৫.৫৫.৩২০০.০৪৪.২৫.০০৩.২৪.১৩৬ (২) ০৫.৫৫.৩২০০.০৪৪.২৫.০০৩.২৪-১৩৭ নম্বর পত্রে উক্ত পদে নির্বাচন অনুষ্ঠানের জন্য নিম্নস্বাক্ষরকারী গণবিজ্ঞপ্তি জারি করেছেন।

সেহেতু জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ ও সাদুল্লাপুর উপজেলা পরিষদ নির্বাচনে সম্ভাব্য সকল প্রার্থীকে প্রতীক বরাদ্দের পূর্ব পর্যন্ত সর্বোচ্চ ০৫(পাঁচ) জন কর্মী ও সমর্থক নিয়ে জনসংযোগ ও ডিজিটাল প্ল্যাটফর্ম বা সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচারণা ব্যতীত সকল প্রকার প্রচার প্রচারণা থেকে বিরত থাকার জন্য অনুরোধ করা হলো।

একইসাথে পূর্বে প্রচারিত সকল প্রকার বিলবোর্ড, পোস্টার, ব্যানার, ফেস্টুন ও শুলেচ্ছাবার্তা আগামী ০২/০৫/২০২৪ তারিখের মধ্যে স্ব স্ব উদ্যোগে অপসারণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। অন্যথায় উপজেলা পরিষদ (নির্বাচন আচরণ) বিধিমালা ২০১৬ লংঘনের দায়ে উক্ত প্রার্থীর প্রার্থীতা বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হতে পারে।

এ বিষয়ে সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষ ও সম্ভাব্য প্রার্থীবৃন্দের সহযোগিতা একান্তভাবে কাম্য।

বিষয়টি অতীব জরুরী।


(মোঃ মশিউর রহমান)

অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, গাইবান্ধা

ও

রিটার্নিং অফিসার

৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪

মোবাইল-০১৭৬২৬৯৫০৫৩

Email: admgaibandha@gmail.com

তারিখ: ২ ৩ দিন ০ ৪ মাস ২ ০ ২ ৪ বৎসর

নম্বর: - ০৫.৫৫.৩২০০.০৪৪.২৫.০০৩.২৪.

তারিখ: ১০ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
২৩ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ০২। মহাপরিচালক (শ্রেড-১), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা।
- ০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
- ০৪। মহাপরিচালক, নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা।
- ০৫। জেলা প্রশাসক, গাইবান্ধা ও আপিল কর্তৃপক্ষ।
- ০৬। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রংপুর অঞ্চল, রংপুর।
- ০৭। পুলিশ সুপার, গাইবান্ধা।

চলমান-০২